নিয়মিত পৌরকর পরিশোধ করুন

# দুর্গাপুর পৌরসভা

দুর্গাপুর নেত্রকোণা।
স্থাপিত-১৯৯৪

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ফোন-০৯৫২৫৫৬১০০

ওয়েব সাইট- www.pourashava.durgapur.netrokona.gov.bd

স্মারকঃ দুর্গা পৌঃ/প্রশাঃ/পাবলিক টয়লেট ইজারা/২০২৩-২০০

তারিখঃ ০৫ মার্চ, ২০২৩ খ্রি.

## ১৪৩০ বাংলা সনের পাবলিক টয়লেট ইজারা বিজ্ঞপ্তি নং: ০১

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, দুর্গাপুর পৌরসভা, নেত্রকোণা এর অধীন পাবলিক টয়লেট টি বাংলা ১৪৩০ সনের জন্য ইজারা (১লা বৈশাখ হইতে ৩০ শে চৈত্র ১৪৩০ পর্যন্ত) ০১ (এক) বৎসর মেয়াদে, সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্তে নিম্ন বর্ণিত শর্ত প্রতিপালন স্বাপেক্ষ নিম্নোক্ত সময় সূচী অনুযায়ী সীলমোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে।

| | | | |
|---|---|---|---|
| ১। | মন্ত্রণালয়/বিভাগ | : | স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। |
| ২। | এজেন্সী | : | দুর্গাপুর পৌরসভা, নেত্রকোণা। |
| ৩। | সংগ্রাহক সত্ত্বার নাম | : | মেয়র, দুর্গাপুর পৌরসভা, নেত্রকোণা। |
| ৪। | সংগ্রাহক সত্ত্বার জেলা | : | নেত্রকোণা। |
| ৫। | সংগ্রহ পদ্ধতি | : | পাবলিক টয়লেট ইজারা দরপত্র পদ্ধতি। |
| ৬। | **দরপত্র দলিল বিক্রয়কারী অফিসের নাম ও ঠিকানা** | : | (ক) জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা (খ) পুলিশ সুপারের কার্যালয়, নেত্রকোণা (গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দুর্গাপুর, নেত্রকোণা (ঘ) সহকারী কমিশনার (ভূমি), দুর্গাপুর, নেত্রকোণা (ঙ) সোনালী ব্যাংক দুর্গাপুর শাখা, দুর্গাপুর, নেত্রকোণা (চ) দুর্গাপুর পৌরসভা কার্যালয়, দুর্গাপুর, নেত্রকোণা । |
| ৭। | **দরপত্র গ্রহণের স্থান** | : | (ক) দুর্গাপুর পৌরসভা কার্যালয়, দুর্গাপুর, নেত্রকোণা (খ) জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা। |

| ক্রমিক নং | পাবলিক টয়লেট সমূহের নাম | চলতি বছরের ইজারা মূল্য | দরপত্র ফরম/সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | দুর্গাপুর মধ্যবাজার পান মহাল সংলগ্ন গণ শৌচাগার | ৩১,০০০/- (একত্রিশ হাজার) টাকা মাত্র। | ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র। | |

### দরপত্র **দলিল** বিক্রয় সময়সূচী

| | দরপত্রর বিবরণ | দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় |
|---|---|---|---|
| ০১ | ১ম বার | ০৭ মার্চ , ২০২৩ হইতে ২১মার্চ, ২০২৩ খ্রি. পর্যন্ত | ২২ মার্চ ২০২৩ খ্রি. |
| ০২ | ২য় বার | ২৭ মার্চ, ২০২৩ হইতে ২৯ মার্চ, ২০২৩ খ্রি. পর্যন্ত | ৩০ মার্চ, ২০২৩ খ্রি. |
| ০৩ | ৩য় বার | ০৩ এপ্রিল, ২০২৩ হইতে ০৫ এপ্রিল, ২০২৩ খ্রি. পর্যন্ত | ০৬ এপ্রিল, ২০২৩ খ্রি. |
| অফিস চলাকালীন সময় পর্যন্ত | | | দুপুর- ১.০০ ঘটিকা পর্যন্ত |

**দরপত্র খোলার সময়সূচী**

| ১ম বার | ২য় বার | ৩য় বার | মন্তব্য |
|---|---|---|---|
| দুপুর: ২.৩০ ঘটিকায় | দুপুর: ২.৩০ ঘটিকায় | দুপুর: ২.৩০ ঘটিকায় | |
| .২২ মার্চ ২০২৩ খ্রি. | ৩০ মার্চ, ২০২৩ খ্রি. | ০৬ এপ্রিল, ২০২৩ খ্রি. | উল্লেখিত তারিখ অনুযায়ী প্রয়োজন বোধে পর্যায়ক্রমে দরপত্র আহ্বান অব্যহত থাকিবে/তবে যে কোনবার দরপত্র অনুমোদিত হইলে পরবর্তীতে দরপত্র সংক্রান্ত সকল কার্য্যক্রম স্থগিত বলিয়া গণ্য হইবে। |

## পাবলিক টয়লেট ইজারার শর্তাবলী:

০১. পাবলিক টয়লেট আগামী ১লা বৈশাখ হইতে ৩০ শে চৈত্র ১৪৩০ পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বাংলা ১৪৩০ সনের জন্য ইজারা প্রদান করা হইবে।

০২. দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০%(শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে মেয়র, দুর্গাপুর পৌরসভা, নেত্রকোণা এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং অবশিষ্ট বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত পাবলিক টয়লেট নিজ খরচে পরিস্কার না করিলে অথবা অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হইবে।

০৩. যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে, অন্যথায় পাবলিক টয়লেটের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

০৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট পাবলিক টয়লেট ইজারার সরকারি মূল্যের কম হয় তাহা হইলে ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখ অনুযায়ী প্রয়োজন বোধে পর্যায়ক্রমে দরপত্র আহ্বান অব্যহত থাকিবে, তবে যে কোনবার দরপত্র অনুমোদিত হইলে পরবর্তীতে দরপত্র সংক্রান্ত সকল কার্য্যক্রম স্থগিত বলিয়া গণ্য হইবে।

০৫.দরপত্র গ্রহনের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না।এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত পাবলিক টয়লেটের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

০৬. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও পাবলিক টয়লেটের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

০৭. সরকার অনুমোদিত ফি আদায়ের হার মোতাবেক ফি আদায় করিতে হইবে। বিনা রশিদে ফি আদায় করা যাইবে না। ইজরাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে ফি চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

০৮. দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে ও ইজারাদার কোনক্রমেই পাবলিক টয়লেট অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না।

০৯. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা / দ্বি অর্থবোধক বুঝা গেলে দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট,আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত টাকা মাত্র) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১.পাবলিক টয়লেটের ক্ষেত্রে প্রস্রাব ২/- (দুই) টাকা, পায়খানা ৫/- (পাঁচ) টাকা এবং গোসল ১০/- টাকা হারের বেশী আদায় করা যাইবে না। উক্ত হারের বেশী টাকা আদায় করিলে উপযুক্ত প্রমান সাপেক্ষে ইজারা বাতিল করা হইবে।

১২. পাবলিক টয়লেটের প্রতিমাসের বিদ্যুৎ বিল ইজারাদার নিজ তাগিদে প্রতিমাসেই পরিশোধ করিবেন। অন্যথায় ইজারা বাতিল বলে গন্য হইবে।

১৩. ইজারাদার নিজ খরচে পাবলিক টয়লেট পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন ও ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষন করিবেন।

১৪. সরকার কর্তৃক পাবলিক টয়লেট সংক্রান্ত বিষয়ে কোন আদেশ/নিষেধ জারী হইলে এবং ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক ইজারা বিষয়ে কোন নতুন শর্ত আরোপ সংযোজন/বিয়োজন বা সংশোধন করিলে ইজারাদারকে উহা মানিয়া লইতে হইবে।

১৫. পৌরসভার অনুমোদন ব্যতিরেখে পাবলিক টয়লেটের আকার আকৃতি পরিবর্তন/সংস্কার করা যাইবে না। যে কোন ধরনের ক্ষয়-ক্ষতি হলে সাথে সাথে ইজারাদার নিজ দায়িত্বে মেরামত করে পৌরসভা কে অবহিত করিবেন।

১৬.অত্র পৌরসভার তালিকাভূক্ত ঠিকাদারী ট্রেড লাইসেন্স বা ইজারাদার লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি সিডিউলের সাথে সংযুক্ত করিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে।

১৭. দরপত্রের সহিত আবেদনকারীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি সংযোজন করিতে হইবে।

১৯. দরপত্র ক্রয় দাখিলের তারিখে সরকার কর্তৃক ছুটি ঘোষনা করা হইলে পরবর্তী কর্মদিবসে দরপত্র ক্রয়/দাখিলের তারিখ হিসেবে গণ্য করিতে হইবে।

২০. চুক্তি পত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

২১. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৫/০৩/২০২৩

(আলহাজ্ব মাওঃ মোঃ আব্দুস ছালাম)
মেয়র
দুর্গাপুর পৌরসভা, নেত্রকোণা।
ই-মেইল- dpnet1994@gmail.com

স্মারকঃ দুর্গা পৌঃ/প্রশাঃ/পাবলিক টয়লেট ইজারা/২০২৩- **২০০(১২২)**

তারিখঃ ০৫ মার্চ, ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা- ১০০০।
০২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।
০৩। জেলা প্রশাসক, নেত্রকোণা ।
০৪। পুলিশ সুপার, নেত্রকোণা ।
০৫। জেলা তথ্য অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৬। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর, নেত্রকোণা ।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, নেত্রকোণা ।
০৮। সহকারী কমিশনার (ভূমি), দুর্গাপুর, নেত্রকোণা ।
০৯। অফিসার ইনচার্জ, দুর্গাপুর, নেত্রকোণা ।
১০। কাউন্সিলর (সকল) দুর্গাপুর পৌরসভা, দুর্গাপুর, নেত্রকোণা ।
১১। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক শাখা, দুর্গাপুর শাখা, দুর্গাপুর, নেত্রকোণা ।
১২। পৌর নির্বাহী কর্মকর্তা, দুর্গাপুর পৌরসভা, নেত্রকোণা।
১৩। সহকারী প্রকৌশলী, দুর্গাপুর পৌরসভা, নেত্রকোণা।
১৪। সভাপতি/সাধারণ সম্পাদক, দুর্গাপুর প্রেস ক্লাব, দুর্গাপুর, নেত্রকোণা ।
১৫। সম্পাদক, "দৈনিক খবর পত্র (জাতীয়)" ও "দৈনিক বাংলার নেত্র (আঞ্চলিক) " পত্রিকায় (বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় স্বল্প পরিসরে ভিতরের পাতায় ৭ ইঞ্চি ৩ কলাম বা সর্বনিম্ন সাইজে আগামী ০৭/০৩/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে) ১ (এক) দিন প্রচারের জন্য অনুরোধ করা হইল।
১৬। সভাপতি/সাধারণ সম্পাদক, বাজার বনিক সমিতি, দুর্গাপুর, নেত্রকোণা।
১৭। সভাপতি/সাধারণ সম্পাদক, দুর্গাপুর পরিবহন শ্রমিক ইউনিয়ন সমিতি, দুর্গাপুর, নেত্রকোণা ।
১৮। ইজারাদার সকল, দুর্গাপুর পৌরসভা, নেত্রকোণা ।
১৯। কোষাধ্যক্ষ, দুর্গাপুর পৌরসভা, নেত্রকোণা।
২০। নোটিশ বোর্ড।
২১। বহুল প্রচারের জন্য মাইকিং।
২২। অফিস কপি।

০৫/০৩/২৩

(আলহাজ্ব মাওঃ মোঃ আব্দুস ছালাম)
মেয়র
দুর্গাপুর পৌরসভা, নেত্রকোণা।
ই-মেইল- dpnet1994@gmail.com